

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পলিসি ও অপারেশন বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১৪৫.১৯.০১০.২৪-১৩১৯

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩১
১৬ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের সময় নিজ উপজেলায় পদ শূন্য না থাকায় নিজ উপজেলার বাহিরে পদায়নকৃত শিক্ষকগণকে অগ্রাধিকার ভিত্তিতে আন্তঃউপজেলা বদলির ক্ষেত্রে সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২৩-এর অনুষ্টেদ ৩.৬ অনুযায়ী নিজ উপজেলায় বদলিকরণের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৮.০০.০০০০.০০৮.০৩৫.০৩১.২৫.১২৬, তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২৫।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের সময় নিজ উপজেলায় পদ শূন্য না থাকায় নিজ উপজেলার বাহিরে পদায়নকৃত সহকারী শিক্ষকগণকে অগ্রাধিকার ভিত্তিতে আন্তঃউপজেলা বদলির ক্ষেত্রে সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২৩-এর অনুষ্টেদ ৩.৬ অনুযায়ী নিজ উপজেলায় বদলিকরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে (কপি সংযুক্ত)। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে নিয়োক্ত সময়সূচি ও শর্তাবলী অনুযায়ী অনলাইন বদলি কার্যক্রম চলবে:

- ২৫/০২/২০২৫ হতে ২৭/০২/২০২৫ তারিখ পর্যন্ত সহকারী শিক্ষকগণ অনলাইনে আবেদন করবেন;
- ২৮/০২/২০২৫ তারিখ প্রধান শিক্ষক কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই সম্পন্নকরণ;
- ০১/০৩/২০২৫ তারিখ সহকারী উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক যাচাই সম্পন্নকরণ;
- ০২/০৩/২০২৫ হতে ০৩/০৩/২০২৫ তারিখ পর্যন্ত উপজেলা/থানা শিক্ষা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;
- ০৪/০৩/২০২৫ তারিখ সিস্টেম কর্তৃক স্বয়ংক্রিয় মনোনয়ন;
- ০৫/০৩/২০২৫ হতে ০৬/০৩/২০২৪ তারিখ পর্যন্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই ও অনুমোদন সম্পন্নকরণ।

শর্তসমূহ:

- শিক্ষকগণ সর্বোচ্চ ৩টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে পছন্দ করবেন। তবে কোন শিক্ষকের একাধিক পছন্দ না থাকলে শুধুমাত্র ০১টি বা ০২টি বিদ্যালয় পছন্দ করতে পারবেন। আবেদনের প্রেক্ষিতে বদলির আদেশ জারি হলে তা বাতিল করার জন্য পরবর্তীতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
 - যাচাইকারী কর্মকর্তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ১০ অক্টোবর ২০২৩ তারিখে জারিকৃত সর্বশেষ “সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা, ২০২৩” অনুযায়ী আবেদনকারীর আবেদন ও অন্যান্য কাগজপত্রাদি যাচাই করে অগ্রায়ণ করবেন।
 - যাচাইকারী কর্মকর্তা সতর্কতার সাথে যাচাই করবেন। যাচাইপূর্বক প্রেরণ পরবর্তী তা পুনঃবিবেচনা করার আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সময়সূচি অনুযায়ী অনলাইন বদলি নির্দেশিকা ২০২৩-এর অনুষ্টেদ ৩.৬ এর আলোকে নিজ উপজেলায় বদলিকরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনানুগ- ১ পাতা।


২৩/০২/২০২৫

মোঃ রাইহুল করিম

সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন বিভাগ)

বিতরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) [পার্বত্য তিন জেলা ব্যতীত]।
- ৩। উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৪। সহকারী উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৫। প্রধান শিক্ষক (সকল)।

অনুলিপি:

১. পরিচালক, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২. জেলা প্রশাসক (সকল)।
৩. উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
৬. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
৭. অফিস কপি।